# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/ সংস্থাপন/আপিল-৪৮৮/১১

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস ছালাম এর চাকুরীতে পুনর্বহাল প্রসঙ্গে**

সূত্র:
১) মাদ্রাসা কর্তৃপক্ষের আবেদন; তারিখ: ২৯/১১/২০১৫ খ্রি.
২) বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৯৯/৭; তারিখ: ২০/০৬/২০১৬ খ্রি.
৩) জনাব মো: আব্দুস ছালাম ২৯/১০/২০১৭ খ্রি. তারিখের আবেদন
৪) রিট পিটিশন নং-১১০৩/২০১৮এর প্রদত্ত আদেশ; তারিখ: ২৮/০১/২০১৮ খ্রি.
৫) বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৫৬/৫; তারিখ: ১৮/০৩/২০১৯ খ্রি.
৬) মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদন; তারিখ: ২৮/০৪/২০১৯ খ্রি.
৭) বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৮৩/৫; তারিখ: ১১/০৭/২০১৯ খ্রি.
৮) উপজেলা নির্বাহী অফিসার মনিরামপুর, যশোর এর প্রতিবেদন স্মারক নং-০৫.৪৪.৪১৬১.০০০.১১.০১৬.২০১৯-৯৫৭; তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রি.
৯) বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২২৯৫/৫; তারিখ: ২৪/০৯/২০১৯ খ্রি.
১০) বামাশিবো/প্রশাসন/যশোর-১৮৮/২৩০২/৫; তারিখ: ২৯/১০/২০১৯ খ্রি.

উর্পযুক্ত বিষয় ও ১নং সূত্রের প্রেক্ষিতে যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস ছালাম এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি ১৬/০৫/২০১৬ খ্রি.তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়। বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ ও ১৮/০৫/২০১৬খ্রি. তারিখের ১৭৭তম বোর্ড সভার অনুমোদনের প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুস ছালাম-কে অধ্যক্ষ পদে পুনর্বহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

জনাব মোঃ আব্দুস ছালাম-কে গভার্নিং বডি পুর্নবহাল না করায় তিনি বিগত ২৯/১০/২০১৭খ্রি. তারিখে বোর্ডে একখানা দরখাস্ত দাখিল করেন। বোর্ড থেকে উক্ত দরখাস্ত নিষ্পত্তিতে বিলম্ব হওয়ার কারণে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১০৩/২০১৮ দাখিল করেন ও মহামান্য হাইকোর্ট বিভাগ ২৮/০১/২০১৮ খ্রি. তারিখের আদেশে তাঁর ২৯/১০/২০১৭খ্রি. তারিখের দরখাস্ত নিষ্পত্তির নির্দেশনা দেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক জনাব মোঃ আব্দুস ছালাম এর দরখাস্ত তারিখ: ২৯/১০/২০১৭ খ্রি. নিষ্পত্তিকল্পে নথি পর্যালোচনান্তে বোর্ডের ২০/০৬/২০১৬খ্রি. তারিখের সিদ্ধান্তের ধারাবাহিকতায় ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জনাব মোঃ আব্দুস ছালাম-কে স্বপদে পুর্নবহাল পূর্বক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকাকে অবহিত করার জন্য গভার্নিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ১৮/০৩/২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত ৫ নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ২৮/০৪/২০১৯ খ্রি. তারিখে একটি দরখাস্ত দ্বারা বোর্ডকে অবহিত করেন যে, অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস ছালাম বরখাস্ত হওয়ার পর থেকে প্রতিষ্ঠানে হাজির থাকেন না, তদুপরি মাদ্রাসার গভার্ণিং বডি বিগত ০৬/০৪/২০১৯ খ্রি. তারিখে পুর্নবহালের সিদ্ধান্ত নিয়ে ডাক মারফত পত্র প্রেরণ করেন। কিন্তু বেশ কয়েকটি নাশকতার মামলায় চার্জশিটভুক্ত আসামী হিসেবে পলাতক থাকায় পুনর্বহাল সংক্রান্ত পত্র সরাসরি দেয়া যায়নি এবং তাঁর পরিবারও উক্ত পত্র গ্রহণ করেননি। তিনি মাদ্রাসা কর্তৃপক্ষের সাথে কোন ধরনের যোগাযোগ না করায় পুনর্বহাল করা সম্ভব হয়নি। উক্ত অভিযোগের প্রেক্ষিতে বোর্ড হতে সূত্রোক্ত ৭নং স্মারক এর মাধ্যমে বর্ণিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে বোর্ডকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোরকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর এর মাধ্যমে তদন্ত পূর্বক ১৪/০৮/২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত ৮নং স্মারকে একটি প্রতিবেদন (২৭ পাতা সংযুক্ত করে) বোর্ডে দাখিল করেন। উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, জনাব মোঃ আব্দুস ছালাম নাশকতাসহ বিভিন্ন মামলার আসামী হওয়ায় তিনি বর্তমানে এলাকায় থাকেন না । মাদ্রাসা কর্তৃপক্ষ তাঁকে স্বপদে বহালের পদক্ষেপ গ্রহণ করলেও মামলার কারণে তিনি মাদ্রাসায় আসেন না বলে ধারণা করা হয় এবং বর্তমানে তিনি মামলার কারণে এলাকা থেকে পালিয়ে আছেন।

তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত করে জনাব মোঃ আব্দুস ছালাম-কে পুর্নবহাল সংক্রান্ত বোর্ডের ১৮/০৩/২০১৯ খ্রি. তারিখের পত্র কেন প্রত্যাহার করা হবে না সে মর্মে ২৪/০৯/২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত ৯নং স্মারকের পত্র দ্বারা কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে জনাব আব্দুস ছালাম এর জবাব ও তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত তথ্য জটিল প্রকৃতির হওয়ায় বিষয়টি নিরসনকল্পে ২৯/১০/২০১৯খ্রি. তারিখে সূত্রোক্ত ১০নং স্মারকে জনাব মোঃ আব্দুস ছালাম সহ সংশ্লিষ্ট সকলকে ১৪/১১/২০১৯ খ্রি. তারিখে স্ব-শরীরে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ করার জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ১২/১১/২০১৯খ্রি. তারিখে জনাব আব্দুস ছালাম অসুস্থতা উল্লেখ করে লিখিত বক্তব্য বোর্ডে দাখিল করেন। ব্যক্তিগত শুনানিতে হাজির না হওয়া সত্ত্বেও বিষয়টির গুরুত্ব বিবেচনা করে বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৯/১২/২০১৯ খ্রি. তারিখের সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত হয়ে স্বীয় বক্তব্য প্রদানের জন্য বোর্ড থেকে পুনরায় পত্র প্রেরণ করা হয়, কিন্তু আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় মাদ্রাসা কর্তৃপক্ষ উপস্থিত হলেও জনাব মোঃ আব্দুস ছালাম অনুপস্থিত থাকেন। আপিল এন্ড আরবিট্রেশন কমিটি বোর্ডের ২০/০৬/২০১৬ খ্রি. তারিখের সূত্রোক্ত ২নং স্মারকের সিদ্ধান্তের ধারাবাহিকতায় জনাব মোঃ আব্দুস ছালামকে পুনরায় মাদ্রাসায় যোগদানের জন্য পত্র দেয়া ও মাদ্রাসায় যোগদানে ব্যর্থতায় গভার্নিং বডি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায় বোর্ডের ১৯/১২/২০১৯ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সুপারিশ ও ১৭৭তম বোর্ড সভার সিদ্ধান্ত এবং মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১১০৩/২০১৮ এর আলোকে জনাব মো: আব্দুস ছালাম-কে মাদ্রাসায় যোগদানপূর্বক তাঁকে নিজ দায়িত্ব পালনের ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৫.১০.২০২০

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:
১. জনাব মোঃ আব্দুস ছালাম,
অধ্যক্ষ, রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, মনিরামপুর, যশোর।
২. সভাপতি, মাদ্রাসা পরিচালনা কমিটি
রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, মনিরামপুর, যশোর।
৩. ভারপ্রাপ্ত অধ্যক্ষ
রাজগঞ্জ মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসা, মনিরামপুর, যশোর।

০৫.১০.২০

নং-বামাশিবো/ সংস্থাপন/আপিল-৪৮৮/১১

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ

**<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক, যশোর
৪. উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর, যশোর;
৫. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

৫/১০/২০২০

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

০৫-১০-২০

E:\আপিল এন্ড আরবিট্রেশন রাজগঞ্জ মোবারকপুর জিটি-যশোর-১৮৮ F.Doc